

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



পেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ২৭ মার্চ, ২০২২

জাতীয় রাজস্ব বোর্ড  
[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ

তারিখ: ০৬ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ/২০ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়: বন্ধু সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি এর বাড়ি ভাড়ার উপর মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান।

নং-৬/মূসক/২০২২—যেহেতু, বন্ধু সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি হিজরা এবং লিঙ্গ বৈচিত্র্য জনগোষ্ঠীর আত্মর্যাদা ও সম্মান জনক সামাজিক জীবন নিশ্চিত করিতে কাজ করিতেছে; এবং

যেহেতু, বন্ধু সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি একটি অলাভজনক সেবামূলক প্রতিষ্ঠান;

সেহেতু, জনস্বার্থে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ পদত ক্ষমতাবলে, বন্ধু সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটিকে “স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী” সেবার বিপরীতে প্রযোজ্য মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী ফরিদ উদ্দিন  
প্রথম সচিব (মূসক নীতি)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

(৬৭৮৩)

মূল্য : টাকা ৪.০০